

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩১

১/ বিবিধ

আরবী

عليكم بالوجوه الملاح والحدق السود فإن الله يستحي أن يعذب وجها مليحا بالنار
موضوع

أخرجه الخطيب في " التاريخ " (7 / 282 - 283) في ترجمة الحسن بن علي بن زكريا
بإسناده عن شعبة عن توبة العنبري عن أنس رفعه وأورده ابن الجوزي في "
الموضوعات " ، وقال: آفته الحسن بن علي بن زكريا العدوي يضع الحديث، قال
السيوطي في " اللآليء " (1 / 113) : هو أحد المعروفين بالوضع، وقال الشيخ القاري
(ص 110) : فلعنة الله على واضعه الخبيث، ثم وجدت له طريقا أخرى فقال لاحق
بن محمد في " شيوخه " ، (114 / 1 / 2) : أخبرنا أبو مسعود حدثنا لاحق بن الحسين
المقدسي حدثنا محمد بن عبد الله بن أبي درة القاضي حدثنا محمد بن طلحة
العروقي حدثنا إبراهيم بن سليمان الزيات حدثنا شعبة عن توبة العنبري عن أنس بن
مالك مرفوعا به

قلت: وهذا كالذي قبله أو شر منه، وفيه علل

الزيات هذا قال ابن عدي: ليس بالقوي

والعروقي، والراوي عنه محمد القاضي لم أعرفهما

لاحق هذا وهو آفة الحديث فإنه كذاب وضاع، وقال الإدريسي الحافظ: كان كذابا
أفاكا يضع الحديث على الثقات، لا نعلم له ثانيا في عصرنا مثله في الكذب والوقاحة
وقال الشيرازي في " الألقاب " : حدثنا أبو عمر لاحق بن الحسين بن أبي الورد فذكر

خبراً موضوعاً ظاهر الكذب، متنه: " عليكم بالوجوه الملاح ... " فذكره
قلت: ومن أحاديث هذا العدوي الكذاب الحديث الآتي

বাংলা

১৩১। তোমরা সুন্দর (সুশ্রী) চেহারা এবং চোখে কালো মনি বিশিষ্ট রূপ ধারণ কর। কারণ আল্লাহ সুশ্রী চেহারার অধিকারীকে জাহান্নামের শাস্তি দিতে লজ্জা পান।

হাদীসটি জাল।

হাদীসটি খাতীব বাগদাদী “আত-তারীখ” গ্রন্থে (৭/২৮২-২৮৩) হাসান ইবনু আলী ইবনু জাকারিয়ার জীবনী বর্ণনা করতে গিয়ে উল্লেখ করেছেন। ইবনুল জাওয়ী হাদীসটি “আল-মাওয়ু‘আত” গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ এটির সমস্যা হচ্ছে হাসান ইবনু আলী ইবনু জাকারিয়া আল-আদাবী। কারণ তিনি হাদীস জালকারী। সুযুতী “আল-লাআলী” গ্রন্থে (১/১১৩) বলেনঃ তিনি প্রসিদ্ধ জালকারীদের একজন।

শাইখ আল-কারী (পৃঃ ১১০) বলেনঃ **فلعنة الله على واضعه الخبيث** আল্লাহর অভিশাপ এ হাদীসের জালকারী খবীসের উপর।

হাদীসটি অন্য একটি সূত্রেও পেয়েছি, যাতে একাধিক সমস্যাধারী বর্ণনাকারী রয়েছেন। এ কারণে এ সনদটি পূর্বোল্লিখিত হাদীসের সনদের মতই অথবা তার চেয়েও নিকৃষ্ট। এতে রয়েছেনঃ

১। ইবরাহীম ইবনু সুলায়মান আয-যাইয়াত; তার সম্পর্কে ইবনু আদী বলেনঃ তিনি শক্তিশালী নন।

২। মুহাম্মাদ ইবনু তালহা আরুফী এবং তার থেকে বর্ণনাকারী মুহাম্মাদ ইবনু আবদিলাহ আল-কাযী; তাদের দু’জনকেই চিনি না।

৩। লাহেক ইবনু হুসাইন; তিনি এ হাদীসের সমস্যা। কারণ তিনি একজন মিথ্যুক, জালকারী। হাফিয ইদরীসী বলেনঃ তিনি ছিলেন মিথ্যুক, নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে হাদীস জালকারী আমাদের যুগে তার মত মিথ্যুক দ্বিতীয় কাউকে চিনি না।

মিথ্যুক হাসান ইবনু আলী আল-আদাবীর হাদীসগুলোর একটি নিম্নের হাদীসটিও (দেখুন পরেরটি)

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=5392>

হাদিসবিডিৰ প্ৰজেক্টে অনুদান দিন